ছোট ছোট ছেলেমেয়েদের বিশ্বাসযোগ্য মূল্যায়ন অনুধাবনে সহায়ক ফ্যামেলি গাইড

বিশ্বাসযোগ্য মূল্যায়ন (অথেনটিক অ্যাসেসমেন্ট) কি?

ছেলেমেয়েরা কি জানে, তারা কি শিখছে, এবং পাঠক্রম ও শিক্ষানির্দেশনা পরিচালনা করতে তারা কি করতে পারে, তা বুঝার জন্য শিক্ষক যে প্রক্রিয়া ব্যবহার করেন, সেটাই হলো বিশ্বাসযোগ্য মূল্যায়ন। চার ও পাঁচ বছর বয়েসী ছেলেমেয়েদের গড় বৃদ্ধি ও শিক্ষণের উপর ভিত্তি করে আপনার সন্তান কিভাবে বেড়ে উঠছে এবং শিখছে, বিশ্বাসযোগ্য মূল্যায়ন তার একটি চিত্র প্রদান করে। সারা বছরব্যাপী স্বাভাবিক সূত্রে বিশ্বাসযোগ্য মূল্যায়নের প্রমাণ সংগ্রহ করা হয়। শিক্ষকগণ ছেলেমেয়েদের কাজ, ছেলেমেয়েদের ছবি এবং প্রতিদিনের ক্লাসরুমের কর্মকাণ্ড পর্যবেক্ষণের নোট ও অভিজ্ঞতা (যেমন সেন্টার টাইম, বাইরে যাওয়া, ক্ষুদ্র গ্রুপ, ইত্যাদি) সংগ্রহ করেন। তারপর শিক্ষকগণ এই তথ্য ছেলেমেয়েদের অগ্রগতির প্রতিটি ক্ষেত্রে সাফল্য নির্ণয়ে সহায়তা করতে ব্যবহার করেন।

বাড়িতে আপনি প্রতিদিন বিভিন্ন বিষয় মূল্যায়ন করেন। আপনার সন্তান স্কুলের যাওয়ার জন্য পুরো সুস্থ কি না, আপনি সেটা পরীক্ষার জন্য খোঁজ নেন। আপনি যখন খেলার মাঠে যান, তখন তারা কিভাবে বন্ধুবান্ধবদের সাথে মিলেমিশে থাকে, কিংবা তাদের কোন বইয়ের প্রতি আগ্রহ আছে কি না, আপনি সেটা পর্যবেক্ষণ করেন। প্রতিটি অবস্থায় আপনি তথ্য সংগ্রহ করছেন এবং সে তথ্য আপনি সামনে এগোবার সিদ্ধান্ত গ্রহণ করার জন্য ব্যবহার করছেন। একইভাবে আপনার সন্তানের শিক্ষায় বিশ্বাসযোগ্য মূল্যায়ন ব্যবহার করা হয়।

বিশ্বাসযোগ্য মূল্যায়নের তথ্য কিভাবে ব্যবহার করা হয়?

ছেলেমেয়েদের চিন্তা, অগ্রগতি এবং শিক্ষণ সম্পর্কে অবগত হওয়ার জন্য বিশ্বাসযোগ্য মূল্যায়ন ব্যবহার করা হয়। সেগুলো পরিবার, শিক্ষকমণ্ডলী এবং কর্মসূচির জন্য বিভিন্নভাবে সহায়ক।

আপনি আপনার সন্তানের বিশ্বাসযোগ্য মূল্যায়নের উপাত্ত যে কাজে ব্যবহার করতে পারেন:

- আপনার সন্তানকে সবচেয়ে ভালো সহায়তা দেওয়ার পন্থা জানতে।
- আপনার সন্তান সবচেয়ে ভালো কিভাবে শিখবে, তা জানতে।

শিক্ষকগণ বিশ্বাসযোগ্য মূল্যায়নের উপাত্ত যে কাজে ব্যবহার করতে পারেন:

- আপনার সন্তান কি করতে পারে এবং আপনার সন্তানকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তাকে কি শেখাতে বা পুনরায় শেখাতে হবে, সে সিদ্ধান্ত নিতে।
- আপনার সন্তানের দক্ষতার উপর ভিত্তি করে প্রাত্যহিক শিক্ষা পরিকল্পনা প্রস্তুত করতে।
- আপনার সন্তানকে নির্দিষ্ট কোন দক্ষতা/ধারণা আয়ত্ত করায় কিংবা তথ্য বোঝায় সাহায্য করার জন্য গল্প পাঠের সময় সুনির্দিষ্ট বই বাছাই করতে বা ক্লাসের লাইব্রেরিতে সংযোজিত করতে করতে।
- আউটডোর টাইম-এ নির্দিষ্ট কর্মকাণ্ড বাছাই করায়, যা আপনার সন্তানকে আনন্দের সাথে অন্যদের সাথে একটি কাজের জন্য দক্ষতা ব্যবহারে উত্সাহিত করে।
- কোন একটি বিষয়ে আলোচনার সূত্রপাত ঘটাতে যা আপনার সন্তানকে বন্ধুত্ব কেন গুরুত্বপূর্ণ, কিভাবে অন্যরা অনুভব করে এবং কিভাবে অন্যদের সাথে কাজ করতে হয়, ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা উন্নয়নে সহায়তা করবে।

কর্মসূচি বিশ্বাসযোগ্য মূল্যায়নের উপাত্ত যে কাজে ব্যবহার করতে পারে:

- সন্তানদের শেখার প্রয়োজনে উপকরণের ফরমায়েশ দেওয়া।
- সন্তানের অগ্রগতি ও সম্ভাব্য প্রয়োজনীয় সহায়তার ব্যাপারে সন্তানের পরিবারকে অবহিত করা।
- শিক্ষকদের পেশাদারিত্ব উন্নয়নের ব্যাপারে অবহিত করা।

ছোট ছোট ছেলেমেয়েদের বিশ্বাসযোগ্য মূল্যায়ন অনুধাবনে সহায়ক ফ্যামেলি গাইড

অগ্রগতির ক্ষেত্রগুলো কি কি যা সাধারণত মূল্যায়ন করা হয়?

বিশ্বাসযোগ্য মূল্যায়ন প্রি-কে ফাউন্ডেশন ফর দা কমন কোর-এর শাখাসমূহ ও মানসমূহের সাথে সামঞ্জস্যপূর্ণ যা চার ও পাঁচ বছরের ছেলেমেয়েরা কাজ করবে যেসব দক্ষতা আয়ত্ত করার লক্ষ্যে, সেগুলোর রূপরেখা প্রদান করে।

কমন কোর-এর শাখাসমূহের পাঁচটি প্রি-কে ফাউন্ডেশন:

- <u>শিক্ষণের প্রক্রিয়াসমূহ</u>
  - ছেলেমেয়েরা যেভাবে শিক্ষণ ও জ্ঞানার্জনের সাথে সংশ্লিষ্ট হয়।
- <u>শারীরিক অগ্রগতি ও স্বাস্থ্য</u>
  - ছেলেমেয়েদের শারীরিক সুস্থতা ও প্রাত্যহিক কর্মকাণ্ডে নিয়োজিত হওয়ার সক্ষমতা।
- <u>সামাজিক ও আবেগজনিত অগ্রগতি</u>
  - আবেগজনিত যোগ্যতা ও ছেলেমেয়েদের কাছে বাড়ি, স্কুল ও বৃহত্তর কম্যুনিটির অভিজ্ঞতা যা অর্থবোধক ইতিবাচক সম্পর্ক তৈরিতে সক্ষমতা দেয়।
- <u>যোগাযোগ, ভাষা ও সাক্ষরতা</u>
  - ছেলেমেয়েরা কীভাবে অর্থ বুঝতে, তৈরি করতে এবং প্রকাশ করতে পারে।
- <u>বিশ্ব সম্পর্কিত ধারণা ও জ্ঞান</u>
  - ছেলেমেয়েদেরকে তাদের বিশ্ব সম্পর্কে যা জানা ও বুঝা, এবং তারা যা জানে, তা কীভাবে প্রয়োগ করতে হয়, জেনে রাখা উচিৎ।

শিক্ষকদের এই সবগুলো ক্ষেত্র মূল্যায়ন করা গুরুত্বপূর্ণ যাতে তারা আপনার সন্তানের অগ্রগতি পূর্ণাঙ্গভাবে বুঝতে পারেন।

আপনি কিভাবে বিশ্বাসযোগ্য মূল্যায়নে সহায়তা করতে পারেন?

- আপনি আপনার সন্তান সম্পর্কে শিক্ষককে তথ্য দিতে পারেন।
- আপনি সন্তানের অগ্রগতি সম্পর্কে শিক্ষকের সাথে কথা বলে জানতে পারেন। এটি আপনাকে এবং আপনার সন্তানের শিক্ষককে আপনার সন্তানের অগ্রগতি অর্জনে একযোগে কাজ করায় সহায়তা করবে।
- কোন উদ্বেগের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলে, চেষ্টা করবেন মনোযোগ দিয়ে শুনতে ও পরে কী ঘটতে পারে, সেটা জানুন। এটা হতে পারে আপনার সন্তানকে সাহায্য করতে আরও তথ্য সংগ্রহের জন্য কারো কাছে বা কোথাও সুপারিশ করে পাঠানো। সময় নিন এবং খুঁজে বের করুন। আপনার সন্তান সম্পর্কে যদি কোন উদ্বেগ থাকে, ভালো হবে যদি শুরুতেই তার প্রতি মনোযোগ দেন।

পরিবারের জন্য অনেক ভালো ভালো উপকরণের ব্যবস্থা রয়েছে। আপনি কিভাবে সন্তানকে সহায়তা দিতে পারেন, সে ব্যাপারে শীঘ্র জানার জন্য ভীত হবেন না।

আপনার সন্তান প্রি-কে বছরে যেসব দক্ষতা আয়ত্ত করছে, সে বিষয়ে আরও তথ্যের জন্য নিচের ওয়েবসাইট দেখুন:
http://www.p12.nysed.gov/ciai/common_core_standards/pdfdocs/nyslsprek.pdf